

বাংলা বিভাগ, শৈলজানন্দ ফাল্গুনী স্মৃতি মহাবিদ্যালয়, বীরভূম
Objective Type Question & answer for 4th Sem. (Hons)

Prepared by
Dr. Ajoy Saha
Astt. Prof. of Bengali

CC – 10 : বিষয় : নীলদর্পণ

০২ নম্বরের প্রশ্ন : বিষয়ভিত্তিক সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর সংকেত

১। 'নীলদর্পণ' নাটকটি কত সালে, কী ছদ্মনামে প্রকাশিত হয় ?

উত্তর : দীনবন্ধু মিত্র 'নীলদর্পণ' নাটকটি ১৮৬০ খ্রিস্টাব্দে ঢাকা থেকে 'কস্যচিত পথিকস্য' ছদ্মনামে প্রকাশ করেন।

২। নাটকটির ইংরেজি অনুবাদ কে করেন, কী নামে ?

উত্তর : 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদ করেন মধুসূদন দত্ত 'The Indigo Planting Mirror' নামে। যদিও নাটকটি মধুসূদনের নামে প্রকাশিত হয়নি, পাদ্রি জেমস লঙের নামে তা প্রকাশিত হয়েছিল।

৩। দীনবন্ধুকে 'রঙ্গালয়ের স্রষ্টা' কে বলেছিলেন এবং কেন ?

উত্তর : দীনবন্ধুকে 'রঙ্গালয়ের স্রষ্টা' বলেছিলেন গিরিশচন্দ্র ঘোষ। বাংলাদেশের সাধারণ রঙ্গমঞ্চ বা ন্যাশন্যাল থিয়েটারের দ্বারোদঘাটন হয় ১৮৭২ খ্রিস্টাব্দের ৭ই ডিসেম্বর 'নীলদর্পণ' নাটকের অভিনয়ের মধ্য দিয়ে এবং তা ব্যাপক জনপ্রিয় হয়েছিল। বাংলাদেশ, বাংলা রঙ্গমঞ্চ এবং বাংলা নাট্যসহিত্যকে 'নীলদর্পণ' নাটকটি বিপুল প্রভাবিত করেছিল বলে দীনবন্ধুকে 'রঙ্গালয়ের স্রষ্টা' বলেছেন।

৪। 'নীলদর্পণ'-এর প্রভাবে রচিত আর চারটি দর্পণমূলক নাটক ও নাট্যকারের নাম লেখ।

উত্তর : দীনবন্ধু মিত্র 'নীলদর্পণ' নাটকের প্রভাবে রচিত চারটি বাংলা দর্পণমূলক নাটক হল –

জমীদার দর্পণ (১৮৭৩) – মীর মশারফ হোসেন।

পল্লীগাম দর্পণ (১৮৭৩) – প্রসন্নচন্দ্র মুখোপাধ্যায়।

চা-কর দর্পণ (১৮৭৫) – দক্ষিণারঞ্জণ চট্টোপাধ্যায়।

জেল দর্পণ (১৮৭৫) – দক্ষিণারঞ্জণ চট্টোপাধ্যায়।

টাইটেল দর্পণ বা সুখে থাকতে ভুতে কিলোয় (১৮৮৪) – প্রিয়নাথ পালিত।

বঙ্গদর্পণ (১৮৮৪) – গোপালকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।

৫। নীলকর অত্যাচারের বিরুদ্ধে দেশকে উত্তেজিত করে তুলতে দীনবন্ধুর পাশাপাশি আর এক জন মূল ভূমিকা গ্রহণ করেছিলেন, তিনি কে ?

উত্তর : 'হিন্দু পেট্রিয়ট' পত্রিকার সম্পাদক হরিশচন্দ্র মুখোপাধ্যায় দীনবন্ধুর পাশাপাশি নীলকর অত্যাচারের বিরুদ্ধে দেশকে উত্তেজিত করে তুলেছিলেন।

৬। ইস্টইন্ডিয়া কোম্পানি প্রথম কোন নীলকর সাহেবের সঙ্গে নীল সরবরাহের চুক্তি করেছিলেন ?

উত্তর : ইস্টইন্ডিয়া কোম্পানি ১৭৭৯ খ্রিস্টাব্দে প্রিন্সেট নামক নীলকর সাহেবের সঙ্গে প্রথম নীল সরবরাহের চুক্তি করেছিলেন।

৭। সমকালে নীলকর সাহেবদের অত্যাচার ও প্রজাদের দুঃখ-দুর্দশার বর্ণনা প্রকাশিত হয়েছিল এমন তিনটি পত্রিকার নাম লেখ ?

উত্তর : নীলকর সাহেবদের অত্যাচার ও প্রজাদের দুঃখ-দুর্দশার বর্ণনা প্রকাশিত হয়েছিল 'তত্ত্ববোধিনী পত্রিকা', 'সংবাদ প্রভাকর' এবং 'হিন্দু পেট্রিয়ট' পত্রিকায়।

৮। বঙ্কিমচন্দ্র 'নীলদর্পণ' নাটকটিকে কোন আমেরিকান উপন্যাসের সঙ্গে তুলনা করেছেন ? কোন প্রেক্ষিতে এই তুলনা করেছেন ?

উত্তর : বঙ্কিমচন্দ্র দীনবন্ধুর 'নীলদর্পণ' নাটকটিকে মার্কিন মহিলা ঔপন্যাসিক হ্যারিয়েট স্টো-এর 'Uncle Tom's Cabin' (১৮৫২) উপন্যাসের সঙ্গে তুলনা করেছেন।

গ্রন্থ দুটির তুলনার কারণ মিসেস স্টো-র উপন্যাসটি যেমন আমেরিকান কাহিনীদের দাসত্ব দূর করেছিল তেমনি 'নীলদর্পণ' নাটকটিও বাংলার নীলচাষীদের দাসত্ব মোচনে সাহায্য করেছিল।

৯। গিরিশচন্দ্র তাঁর কোন নাটকটি দীনবন্ধুকে উৎসর্গ করেছিলেন ?

উত্তর : গিরিশচন্দ্র তাঁর 'শাস্তি কি শাস্তি' (১৯০৮) নাটকটি দীনবন্ধুকে উৎসর্গ করেছিলেন।

১০। 'নীলদর্পণ' নাটকের সুস্পষ্ট প্রভাব গিরিশচন্দ্র ঘোষের কোন দুটি নাটকে পড়েছিল ?

উত্তর : দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকের সুস্পষ্ট প্রভাব গিরিশচন্দ্র ঘোষের দুটি বিখ্যাত সামাজিক নাটক 'প্রফুল্ল' (১৮৮৯) এবং 'বলিদান' (১৯০৫) নাটকে পড়েছিল।

১১। বাংলা দেশে নীলবিদ্রোহ কবে, কোথায় প্রথম শুরু হয় ?

উত্তর : ১৮৫৯ খ্রিস্টাব্দে নদীয়া জেলার চৌগাছা গ্রামে প্রথম নীলবিদ্রোহ শুরু হয়।

১২। 'নীলদর্পণ'-এর নাট্যকাহিনি শুরু হয়েছে কোন স্থানে ? সেই স্থান নামের ব্যঞ্জনা কী ?

উত্তর : 'নীলদর্পণ'-এর নাট্যকাহিনি শুরু হয়েছে স্বরপুর গ্রামে গোলক বসুর গোলাঘরের রোয়াকে।

এখানে 'স্বরপুর' ও 'গোলাঘর' নাম দুটির মধ্যে নাট্যকার বিশেষ ব্যঞ্জনা এনেছেন। স্বরপুর এখানে যেন নীলবিদ্রোহের কণ্ঠ 'স্বর'। আর নাটকের মূল দ্বন্দ্ব ধান রোপণ ও নীল রোপণ নিয়ে। তাই গোলাঘরের সামনে নাট্যকাহিনি শুরু হওয়ায় তা বিশেষ ব্যঞ্জনা লাভ করেছে।

(ক্রমশ)
